

## 🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০:৬৫

## 💵 আরবি মূল আয়াত:

## قَالُوا يُمُوسِي إِمَّا أَن تُلقِيَ وَ إِمَّا أَن نَّكُونَ أَوَّلَ مَن اَلقَى ﴿٤٥﴾

## 🗚 অনুবাদসমূহ:

তারা বলল, হে মূসা, হয় তুমি নিক্ষেপ কর, না হয় আমরাই প্রথমে নিক্ষেপ করি। — আল-বায়ান তারা বলল, 'হে মূসা! তুমিই (প্রথমে) নিক্ষেপ করবে, না আমরাই প্রথমে নিক্ষেপ করব?' — তাইসিরুল তারা বললঃ হে মূসা! হয় তুমি নিক্ষেপ কর অথবা প্রথমে আমরাই নিক্ষেপ করি। — মুজিবুর রহমান They said, "O Moses, either you throw or we will be the first to throw." — Sahih International

৬৫. তারা বলল, হে মূসা! হয় তুমি নিক্ষেপ কর নতুবা আমরাই প্রথম নিক্ষেপকারী হই।(১)

(১) জাদুকররা তাদের দ্রাক্ষেপহীনতা ফুটিয়ে তোলার জন্য প্রথমে মূসা আলাইহিস সালাম-কে বললঃ প্রথমে আপনি নিজের কলাকৌশল প্রদর্শন করবেন, না আমরা করব? মূসা আলাইহিস সালাম জবাবে বললেনঃ كِلْ أَلْقُوا অর্থাৎ প্রথমে আপনারাই নিক্ষেপ করুন এবং জাদুর লীলা প্রদর্শন করুন। জাদুকররা মূসা আলাইহিস সালাম এর কথা অনুযায়ী তাদের কাজ শুরু করে দিল এবং তাদের বিপুল সংখ্যক লাঠি ও দড়ি একযোগে মাটিতে নিক্ষেপ করল। সবগুলো লাঠি ও দড়ি দৃশ্যতঃ সাপ হয়ে ইতস্ততঃ ছুটোছুটি করতে লাগল। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৬৫) ওরা বলল, 'হে মূসা! হয় তুমি নিক্ষেপ কর অথবা প্রথমে আমরাই নিক্ষেপ করি।'

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2413

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন